

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ  
শিক্ষা মন্ত্রণালয়  
মাদ্রাসা শাখা-১  
www.tmed.gov.bd

নং-৫৭.০০.০০০০.০৭৫.০২৭.২৩.১৭- ৫৯

তারিখঃ ১৫ ফাল্গুন ১৪২৪ বঙ্গাব্দ  
২৫ ফেব্রুয়ারি ২০১৮ খ্রিস্টাব্দ

বিষয়ঃ দিনাজপুর জেলার চিরিরবন্দর উপজেলাধীন তাহফিজুল কোরআন দাখিল মাদ্রাসার দাখিল স্তরে প্রাথমিক পাঠদানের অনুমতি প্রদান সংক্রান্ত।

সূত্র : বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের স্মারক নং-বামাশিবো/রিক/চিরিরবন্দর-দিনাজপুর-নতুন/৩০৩, তারিখ: ৩১/১২/২০১৭ খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে নিম্নবর্ণিত বেসরকারি মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠানের নিয়োগকৃত জনবলের বেতন-ভাতাদি সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের নিজস্ব তহবিল হতে পরিশোধ ও নিম্নোক্ত শর্তে বিশেষ বিবেচনায় নির্দেশক্রমে দাখিল স্তরে প্রাথমিক পাঠদানের অনুমতি প্রদান করা হলো।

ক্রমিক নং	প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা
০১.	তাহফিজুল কোরআন দাখিল মাদ্রাসা, চিরিরবন্দর, দিনাজপুর।

শর্তসমূহ:

- এই কার্যক্রমে নিয়োগকৃত শিক্ষক/কর্মচারীদের বেতন-ভাতাদি সরকার বহন করবে না;
- সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক/কর্মচারীদের বেতন-ভাতাদি সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক বহন করতে হবে;
- এই কার্যক্রমে/তীর কোন অংশের জন্য এমপিও দাবী করা হবে না মর্মে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের নিকট প্রতিষ্ঠান কর্তৃক লিখিত অঙ্গীকারনামা দাখিল করতে হবে; এবং
- এ ছাড়াও এই আদেশে বর্ণিত সকল শর্ত যথাযথভাবে পালন করতে হবে।

০২। উপরোক্ত শর্তাদি পালন/অনুসরণের বিষয়ে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড নিশ্চিতকরণপূর্বক মন্ত্রণালয়কে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হ'ল।

(মোঃ আঃ খালেক মিঞা)  
সহকারী-সচিব (মাদ্রাসা-১)  
ফোনঃ ৯৫৭৭৪২৪

চয়্যারম্যান  
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড  
বখশি বাজার, ঢাকা।

অনুলিপিঃ

১. মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার, লেভেল-০৩, ৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০।
২. মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. প্রোগ্রামার, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (তাকে ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৫. অতিরিক্ত সচিব(মাদ্রাসা)এর ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬. অধ্যক্ষ/সুপার-----
৭. অফিস নথি।